




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন অধিদপ্তর

১৪১-১৪৩ মতিঝিল বা/এ (চম তলা), ঢাকা-১০০০।

ফোনঃ ৯৫১৩৩০৫

ই-মেইলঃ info@dos.gov.bd



নং-১৮.১৭.০০০০.০০২.২৬.০২১.১৪/১৮৭২

তারিখঃ ১৭-০৬-২০২০ খ্রিঃ

সার্কুলার

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, PIWT&T এর আওতায় বাংলাদেশ এবং ভারতের মধ্যে চলাচলকারী কতিপয় বাংলাদেশি অভ্যন্তরীণ নৌযান ভারতের অভ্যন্তরে দুর্ঘটনায় পতিত হয়েছে। এতে করে আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুণ্ণ হওয়া সহ সংশ্লিষ্ট নৌপথ গুলোতে ভবিষ্যতে বাংলাদেশি নৌযানের চলাচল হুমকির সম্মুখীন।

এমতাবস্থায়, PIWT&T এর আওতায় চলাচলের জন্য প্রটোকল এন্ডোর্সমেন্ট প্রদানের নিমিত্তে নৌযানসমূহকে সার্ভে করত: সুপারিশ প্রদানের ক্ষেত্রে অত্র অধিদপ্তরের সকল ইঞ্জিনিয়ার ও শিপ সার্ভেয়ারগণকে অধিকতর সতর্কতা অবলম্বন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। একই সঙ্গে, নৌযানে কর্মরত মাস্টার এবং ড্রাইভারগণকে আবহাওয়ার পূর্বাভাস এবং নৌ সতর্কতা সংকেত এর প্রতি লক্ষ্য রেখে নৌযান পরিচালনার দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য বলা হলো।

কমডোর সৈয়দ আরিফুল ইসলাম, (ট্যাজ), এনডিসি, পিএসসি, বিএন

মহাপরিচালক

বিতরণঃ জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে।

- ১। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার কার্যালয়, ঢাকা।
- ২। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার কার্যালয়, নারায়ণগঞ্জ।
- ৩। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার কার্যালয়, বরিশাল।
- ৪। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার কার্যালয়, খুলনা।
- ৫। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার কার্যালয়, ভৈরব (কিশোরগঞ্জ)।
- ৬। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার কার্যালয়, চট্টগ্রাম।
- ৭। সভাপতি, বাংলাদেশ কার্গো ভেসেল ওনার্স এসোসিয়েশন, ১৫/৫, বিজয়নগর আকরাম টাওয়ার (৬ষ্ঠ তলা), বুন্ড নং-১ ও ২, ঢাকা।
- ৮। সভাপতি, বাংলাদেশ নৌযান শ্রমিক ফেডারেশন, ৩১/৩২, পি.কে. রায় রোড, বাংলাবাজার, ঢাকা।